# পার্কিং, সড়কের নিয়ম এবং আপনি

**সকলের সুবিধার্থে ভিক্টোরিয়ার রাস্তাগুলোর নিরাপদ ও নিরপেক্ষ ব্যবহার নিশ্চিত করার জন্য পার্কিং ও ট্রাফিক আইন রয়েছে।**

## আপনার দায়িত্বসমূহ

প্রত্যাশা করা হয় যে লাইসেন্সধারী একজন চালক হিসেবে আপনি সড়কের নিয়মগুলো সম্পর্কে সচেতন থাকবেন এবং সবসময় সেগুলো মেনে চলবেন। সড়কের আইন মানতে ব্যর্থ হলে তা পার্কিং আইন লঙ্ঘন বলে গণ্য হতে পারে। যদি এই লঙ্ঘনের অর্থ আদায় করা না হয়, তাহলে বিধিবদ্ধ জরিমানা আরোপ ও আইনি পদক্ষেপ গ্রহণ করা হতে পারে।

## কাউন্সিলের দায়িত্বসমূহ

আমাদেরকে অবশ্যই নিশ্চিত করতে হবে যেন:

- কমিউনিটি নিরপেক্ষভাবে পার্কিংয়ের জায়গা ভাগাভাগি করেন
- মোটরযান ও পথচারীদের চলাচল বাধাগ্রস্ত বা অসুবিধার সম্মুখীন না হয়
- অনিরাপদ পার্কিংয়ের ফলে সৃষ্ট বিপদের পরিমাণ হ্রাস পায়

## অতি দীর্ঘ সময়ের জন্য পার্কিং




কোনো একটি পার্কিংয়ের জায়গায় যথা সম্ভব বেশি মানুষের অ্যাক্সেস নিশ্চিত করার জন্য পার্কিংয়ের জায়গাগুলোতে সময়সীমা করে দেওয়া হয়েছে।

কোনো রাস্তার বা স্থানের পাশ ধরে যদি পার্কিং নিয়ন্ত্রণকারী সংকেত প্রদর্শিত থাকে, আপনি সেখানে অনুমোদিত সময়কালের চেয়ে দীর্ঘ সময় একটানা পার্ক করতে পারবেন না।

এই সংকেতের অর্থ হলো স্কুল খোলা থাকার দিনগুলোতে সকাল 8টা থেকে বিকেল 5টার মধ্যে আপনি মাত্র 15 মিনিটের জন্য সেখানে গাড়ি পার্ক করতে পারবেন।


## সঠিকভাবে পার্ক করা

আপনাকে অবশ্যই পার্কিং বে-এর চিহ্নিত রেখার ভিতরে গাড়ি পার্ক করতে হবে। কোনো চালক কোনো বিল্ট-আপ এলাকার রাস্তার ধারে কোনো বাইসাইকেল পাথ, ফুটপাথ, শেয়ারড পাথ, ডিভাইডিং স্ট্রিপ অথবা নেচার স্ট্রিপের পাশে থামতে পারবেন না যদি না সেখানে কোনো অনুমতি প্রদানমূলক সাইনেজ থাকে।



**নো স্টপিং** মানে হলো **একদমই থামা যাবে না।** এর মানে হলো আপনি থামতে পারবেন না এমনকি যদিও আপনি শুধুমাত্র কাউকে গাড়ি থেকে নামতে দিতে থাকেন এবং হোক সে আপনি ইঞ্জিন চালু রাখেন ও গাড়িতে বসে থাকেন।


হলুদ প্রতিবন্ধক চিহ্নের মাধ্যমেও নো স্টপিং জোনগুলো চিহ্নিত করা যেতে পারে




**ডাবল পার্ক করা একটি অপরাধ।**

দ্বিমুখী রাস্তায় পার্ক করার সময় আপনাকে অবশ্যই হাতের বাম পাশে পার্ক করতে হবে। আপনার গাড়িকে অবশ্যই গন্তব্যের দিকে মুখ করে রাখতে হবে, অর্থাৎ: যাত্রীর পাশ অবশ্যই ফুটপাথের প্রতিবন্ধকের দিকে রেখে পার্ক করতে হবে এবং স্টিয়ারিং হুইল সেই পাশে দেওয়া যাবে না, যদি না সেটি ওয়ান-ওয়ে রাস্তা হয়।

### ড্রাইভওয়ে





চালকরা অবশ্যই ড্রাইভওয়ে জুড়ে পার্ক করবেন না এবং সবসময় প্রবেশ ও বের হওয়ার জন্য উন্মুক্ত প্যাসেজ রাখবেন।

শিক্ষার্থীদেরকে গাড়িতে তোলার বা নামিয়ে দেওয়ার সময় চালকরা অবশ্যই ড্রাইভওয়েতে পার্ক করবেন না।

### অ্যাক্সেসযোগ্য পার্কিং




অ্যাক্সেসযোগ্য পার্কিংয়ের স্থান শুধুমাত্র ব্লু-অন-হোয়াইট প্রতিবন্ধী পার্কিং পারমিটধারী ব্যক্তিরা ব্যবহার করতে পারবেন অথবা এমন কোনো চালক যিনি প্রতিবন্ধী পারমিটধারী কাউকে উঠতে বা নামতে দেওয়ার জন্য গাড়ি পার্ক করছেন। পারমিট তখনই বৈধ হবে যখন প্রতিবন্ধী ব্যক্তি গাড়িতে ভ্রমণ করছেন।

পুলিশ বা পার্কিং অফিসার চাইলে চালককে অবশ্যই তার নাম ও ঠিকানা বলতে হবে এবং তার চালকের লাইসেন্স ও পারমিট উপস্থাপন করতে হবে।

## পার্কিং সুরক্ষা পরামর্শ

যদি আপনি আপনার সন্তানের স্কুলের আশেপাশের সড়ক বা রাস্তার পাশে গাড়ি পার্ক করেন:

1. আপনার সন্তানকে নিরাপদে স্কুলে নিয়ে যাওয়ার জন্য পর্যাপ্ত পরিমাণ সময় নিন। গাড়ি একটু দূরে পার্ক করা এবং একটু রাস্তা হেঁটে স্কুলে যাওয়ার কথা বিবেচনা করুন।
2. সকল ট্রাফিক নিয়ন্ত্রণকারী সংকেত এবং স্কুল ক্রসিং সুপারভাইজরদের নির্দেশনা পর্যবেক্ষণ করুন।
3. কখন ও কোথায় আপনার সন্তানকে নিরাপদে তুলে আনা যায় সে ব্যাপারে তাদের সাথে পরিকল্পনা করুন। গাড়ি থেকে বের হওয়ার ও রাস্তা পার হওয়ার জন্য নিরাপদ স্থানগুলো খুঁজে বের করুন।

4. কখনোই রাস্তার অন্য পাশ থেকে আপনার সন্তানকে ডাকবেন না। *দৌড়ে রাস্তা পার হওয়া আপনার সন্তানের জন্য বিপজ্জনক*

- ✓ আমরা আমাদের সন্তান এবং রাস্তাঘাট ও স্কুলের আশেপাশের অন্যান্য পথচারী ও মোটরচালকের নিরাপত্তা নিশ্চিত করতে চাই।
- ✓ বাচ্চাদের বিপদে পড়ার প্রবণতা বেশি এবং একই সাথে তারা প্রায়শই হুটহাট কাজ করতে চায়। বড়দের জন্য রাস্তা পার হওয়ার সময় দৃষ্টান্ত স্থাপন করে চলা এবং সড়ক নিরাপত্তার উত্তম অভ্যাসগুলো প্রদর্শন করে চলা জরুরি।
- ✓ অনুগ্রহ করে আপনার সন্তান এবং তার সহপাঠী ও বন্ধুদের নিরাপত্তার জন্যেও এই নিয়মগুলো অনুসরণ করুন
- ✓ প্রতিটি বাবা-মা এই নিয়মগুলো অনুসরণ করে চললে সকল স্কুল শিক্ষার্থীর জন্য রাস্তাগুলো আরো নিরাপদ হবে।